CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2020/TDC(CBCS)/ODD/SEM/**
**BNGSEC–501T/372**

**TDC (CBCS) Odd Semester Exam., 2020**
**held in March, 2021**

# BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGSEC–501T

**( বর্ণনামূলক বাংলা ব্যাকরণ )**

*পূর্ণমান* : ৫০

*উত্তীর্ণ মান* : ২০

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও : ১×১৫=১৫

১। বাংলা শব্দ প্রধানত কয় প্রকার?

২। ভাষাবিজ্ঞানের যে শাখায় ভাষার অর্থ সম্পর্কে আলোচনা করা হয় তাকে কী বলে?

৩। বাংলায় গৃহীত একটি ইংরেজি শব্দের দৃষ্টান্ত দাও।

৪। 'তুরুপ' অথবা 'ইস্ক্রুপ' কী জাতীয় শব্দ?

৫। বাংলা ভাষায় গৃহীত একটি পর্তুগিজ শব্দ উল্লেখ করো।

৬। একটি সংকর শব্দের উদাহরণ দাও।

৭। সন্ধি কয় প্রকার?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৮। বাংলা সমাসকে প্রধানত কয়টি শ্রেণিতে ভাগ করা যায়?

৯। বাক্যের কয়টি অংশ?

১০। অব্যয় পদের সন্ধি হয় কি?

১১। কোন্ সমাসের পূর্বপদ সংখ্যাবাচক?

১২। ইংরেজি 'syntax' শব্দের বাংলা প্রতিশব্দ লেখো।

১৩। বাংলা ব্যাকরণে পদকে কয় ভাগে ভাগ করা হয়েছে?

১৪। কর্ম অনুসারে ক্রিয়া কয় প্রকার?

১৫। ক্রিয়াপদ ছাড়া কি বাক্য গঠিত হতে পারে?

১৬। বিশেষ্য পদের কয়টি ভাগ রয়েছে?

১৭। একটি বাংলা বিভক্তির উল্লেখ করো।

১৮। অব্যয় পদ কত প্রকার?

১৯। বাক্যকে শ্রুতিমধুর করার জন্য কোন্ পদ ব্যবহৃত হয়?

২০। কোন্ সর্বনাম পদ দ্বারা প্রশ্ন বোঝানো হয়?

২১। সর্বনাম কয় প্রকার?

২২। শব্দের সাথে বিভক্তি যুক্ত হয়ে কী হয়?

২৩। একটি ব্যক্তিবাচক সর্বনামের উদাহরণ দাও।

২৪। পুরুষভেদে সর্বনামকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়?

২৫। ক্রিয়ার কাল কত রকমের?

২৬। প্রত্যয় কত প্রকার?





২৭। বাংলা ক্রিয়াকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে?

২৮। যে ক্রিয়ায় কাজ চলছে সেটি ক্রিয়ার কোন্ কাল?

২৯। একটি ক্রিয়া বিভক্তির উদাহরণ দাও।

৩০। 'ছিলাম' কোন্ কালের চিহ্ন?

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

৩১। ভাষার সমৃদ্ধি কীসের উপর নির্ভরশীল?

৩২। অর্থ-সংকোচের একটি উদাহরণ দাও।

৩৩। দুইটি অর্ধ-তৎসম শব্দ লেখো।

৩৪। স্বরসন্ধির সাধারণ নিয়মটি কী?

৩৫। বাক্য কীভাবে গঠিত হয়?

৩৬। শব্দ বিভক্তি কাকে বলে?

৩৭। অন্বয় কাকে বলে?

৩৮। 'Syntax' শব্দটি কোথা থেকে এসেছে?

৩৯। দুইটি মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উল্লেখ করো।

৪০। সর্বনাম পদ কোথায় কীভাবে ব্যবহৃত হয়?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫×৫=২৫

৪১। উদাহরণসহ বাংলা ভাষায় গৃহীত আগন্তুক শব্দগুলো সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৪২। সংকর বা মিশ্রশব্দ কাকে বলে? বাংলা শব্দভাণ্ডারে গৃহীত এরূপ পাঁচটি মিশ্রশব্দ বিশ্লেষণ করে দেখাও।

৪৩। সমাস ও সন্ধির পার্থক্য নির্ণয় করো।

৪৪। কোন্ সমাসে উত্তরপদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, উদাহরণ দিয়ে বোঝাও।

৪৫। বিশেষ্য পদ কাকে বলে? বিশেষ্য পদকে কয়টি উপবিভাগে ভাগ করা হয়েছে? যে কোনো দুটি উপবিভাগের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪৬। সংজ্ঞা ও উদাহরণসহ অব্যয় পদের প্রকারভেদ লেখো।

৪৭। সর্বনাম পদ কাকে বলে? উদাহরণসহ যে কোনো তিন প্রকার সর্বনামের পরিচয় দাও।

৪৮। উদাহরণসহ সমাপিকা ক্রিয়া ও অসমাপিকা ক্রিয়ার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪৯। নামধাতুজ ক্রিয়া ও প্রযোজক ক্রিয়ার পার্থক্য নির্ণয় করো।

৫০। কর্মের বিভিন্নতায় ক্রিয়াপদকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে, সেগুলি কী কী? উদাহরণসহ সেগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

★ ★ ★

CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2020/TDC(CBCS)/ODD/SEM/**
**BNGGE–501T/373**

**TDC (CBCS) Odd Semester Exam., 2020**
**held in March, 2021**

# BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGGE–501T

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণ মান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

ছাত্রছাত্রীদের Group—A অথবা Group—B
থেকে উত্তর করতে হবে।

## GROUP—A

**[ ( বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ]**

### SECTION—A

যে কোনো **কুড়িটি** প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×২০=২০

১। বাংলা সাহিত্যের ইতিহাসকে কয়টি যুগে ভাগ করা হয়েছে?

২। 'চর্যাপদ'-এর পুঁথি কে আবিষ্কার করেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩। 'চর্যাপদ' কত সালে আবিষ্কৃত হয়?

৪। 'চর্যাপদ'-এ সর্বমোট কয়টি পদ ছিল?

৫। 'হাজার বছরের পুরানো বাংলা ভাষায় বৌদ্ধগান ও দোহা' নামটি কার দেওয়া?

৬। 'চর্যাপদ' কত সালে প্রথম প্রকাশিত হয়?

৭। 'চর্যাপদ'-এর একজন টীকাকারের নাম লেখো।

৮। কোন্ কবি 'চর্যাপদ'-এর সর্বাধিক পদ রচনা করেছেন?

৯। 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থে কয়টি খণ্ড আছে?

১০। কবি বিদ্যাপতি তাঁর বৈষ্ণব পদগুলি কোন্ ভাষায় রচনা করেছিলেন?

১১। 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থের রচনাকার কে?

১২। 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থের শেষ খণ্ডটির নাম কী?

১৩। কবি জ্ঞানদাসকে কোন্ কবির ভাবশিষ্য বলা হয়?

১৪। যে কোনো একজন চৈতন্য সমসাময়িক বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

১৫। অভিসার রস পর্যায়ের শ্রেষ্ঠ কবি কাকে বলা হয়?





১৬। পদাবলীর চণ্ডীদাসের বাস কোন্ গ্রামে ছিল বলে শোনা যায়?

১৭। 'মনসামঙ্গল' কাব্যধারার আদিকবি কাকে বলা হয়?

১৮। কোন্ ধরনের মঙ্গলকাব্যের কবি হিসেবে দ্বিজ বংশীদাস পরিচিত?

১৯। মুকুন্দরামের 'অভয়ামঙ্গল' কোন্ শতাব্দীতে রচিত বলে পণ্ডিতদের অনুমান?

২০। মাণিক দত্ত কোন্ ধারার মঙ্গলকাব্যের আদিকবি হিসেবে স্বীকৃত?

২১। 'শূন্যপুরাণ' কার লেখা?

২২। 'ধর্মমঙ্গল' কাব্যের যে কোনো একজন জনপ্রিয় কবির নাম লেখো।

২৩। 'অন্নদামঙ্গল' কাব্যের কবি কে?

২৪। 'অন্নদামঙ্গল' কাব্যটি কোন্ শতকে রচিত হয়?

২৫। সংস্কৃত ভাষায় রচিত সবথেকে জনপ্রিয় 'রামায়ণ'-এর কবি কে?

২৬। কৃত্তিবাস অনূদিত 'রামায়ণ' গ্রন্থটির নাম কী?

২৭। 'মহাভারত'-এর সর্বাধিক জনপ্রিয় অনুবাদক কে?

২৮। বাংলা 'রামায়ণ' অনুবাদের ধারায় একজন মহিলা কবি ছিলেন, তাঁর নাম কী?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২৯। কবি কাশীরাম দাস কোন্ শতকের কবি ?

৩০। 'মহাভারত'-এর প্রথম বাংলা অনুবাদক কাকে বলা যেতে পারে ?

৩১। অদ্ভুত আচার্য অনূদিত 'রামায়ণ' কী নামে পরিচিত ছিল ?

৩২। কবি কাশীরাম দাসের পৈতৃক উপাধি কী ছিল ?

৩৩। শাক্তপদাবলী কোন্ শতকের রচনা ?

৩৪। 'সাধকরঞ্জন' গ্রন্থটি কার রচিত ?

৩৫। সাধক রামপ্রসাদ কোথায় জন্মগ্রহণ করেন ?

৩৬। সাধক কমলাকান্তের উপাধি কী ছিল ?

৩৭। 'লোরচন্দ্রাণী' আখ্যানকাব্যের শেষাংশ কে রচনা করেন ?

৩৮। 'লোরচন্দ্রাণী' আখ্যানকাব্যটির রচনাকার কে ?

৩৯। কোন্ কাব্যের জন্য সৈয়দ আলাওলের নাম বিখ্যাত ?

৪০। দৌলত কাজী কোন্ রাজসভার কবি ছিলেন ?

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

৪১। 'চর্যাপদ' কোথা থেকে কার সম্পাদনায় প্রকাশিত হয় ?





৪২। 'চর্যাপদ'-এর ভাষাকে সন্ধ্যাভাষা বলা হয়েছে কেন ?

৪৩। 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি কে, কোথা থেকে আবিষ্কার করেন ?

৪৪। কবি বিদ্যাপতির জন্মস্থান কোথায় ? তিনি কোন্ রাজার সুহৃদ ছিলেন ?

৪৫। সপ্তদশ শতাব্দীর দুজন জনপ্রিয় 'মনসামঙ্গল' কাব্যধারার কবির নাম লেখো।

৪৬। কার আদেশে 'অন্নদামঙ্গল' কাব্য রচিত হয় ? এতে কয়টি খণ্ড বা আখ্যান আছে ?

৪৭। কবি কৃত্তিবাস কোন্ গ্রামে, কোন্ শতাব্দীতে জন্মগ্রহণ করেন ?

৪৮। কাশীরাম দাসের পিতার নাম কী ছিল ? তিনি 'মহাভারত'-এর কয়টি পর্বের অনুবাদ করেছিলেন বলে পণ্ডিতদের অনুমান ?

৪৯। 'শাক্তপদাবলী'গুলির মূল রস কী ? সাধক রামপ্রসাদ রচিত 'শাক্তপদাবলী'র সুর কী নামে পরিচিত ছিল ?

৫০। আগমনী কাকে বলে ?

## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৫১। বাংলা সাহিত্যের ইতিহাসে 'চর্যাপদ'-এর ঐতিহাসিক মূল্য নির্ধারণ করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৫২। ‘চর্যাপদ’-এর পদগুলোতে সাধারণ মানুষের দৈনন্দিন জীবনের যে চিত্র প্রতিফলিত হয়েছে উদাহরণসহ তার পরিচয় দাও।

৫৩। ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটির বিষয় ও রচনা-বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৫৪। পদাবলীর চণ্ডীদাসের কবিকৃতি সম্পর্কে একটি রসগ্রাহী আলোচনা প্রস্তুত করো।

৫৫। যে কোনো দুজন ‘মনসামঙ্গল’ কাব্য রচয়িতার কবিকৃতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৫৬। মুকুন্দরাম চক্রবর্তীর সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তাঁকে ‘চণ্ডীমঙ্গল’ কাব্যধারার শ্রেষ্ঠ কবি কেন বলা হয়, আলোচনা করো।

৫৭। অনুবাদ সাহিত্যের ধারায় কবি কৃত্তিবাস অনূদিত ‘রামায়ণ’-এর অনন্যতা ও বৈশিষ্ট্যের পরিচয় দাও।

৫৮। কবি কাশীরাম দাস অনূদিত ‘মহাভারত’-এর জনপ্রিয়তার কারণগুলি লিপিবদ্ধ করো।

৫৯। ‘আগমনী’ ও ‘বিজয়া’ শীর্ষক পদগুলোতে তৎকালীন বাঙালীর সমাজজীবনের যে পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে আলোচনা করো।

৬০। মধ্যযুগের বাংলা সাহিত্যে আরাকান রাজসভার কবিদের উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে—আলোচনা করো।





## GROUP—B

### ( বাংলা শিশুসাহিত্য ও জীবনী সাহিত্য )

### SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের নির্দেশানুযায়ী উত্তর দাও : ১×২০=২০

১। রবীন্দ্রনাথ ঠাকুরের ‘শিশু ভোলানাথ’ কাব্যগ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

২। ‘শিশু ভোলানাথ’ কাব্যে সর্বমোট কয়টি কবিতা আছে?

৩। “ওরে মোর ______ ভোলানাথ,/তুলি দুই হাত”

(শূন্যস্থান পূরণ করো)

৪। “দারিদ্র্য করে না দীন, ধূলি তোরে করে না অশুচি,” পঙ্ক্তিটি কোন্ কবিতার অন্তর্গত?

৫। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?

৬। ‘শিশু ভোলানাথ’ ছাড়া রবীন্দ্রনাথ ঠাকুরের শিশু-সংক্রান্ত আরেকটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।

৭। ‘শিশু ভোলানাথ’ কাব্যে ‘ভোলানাথ’ কে?

৮। ‘শিশু ভোলানাথ’ কাব্যের সর্বশেষ কবিতাটির নাম কী?

৯। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের ‘ঠাকুরমার ঝুলি’ সংকলনটির ভূমিকা কে লিখেছিলেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



১০। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার সংকলিত 'ঠাকুরমার ঝুলি' ছাড়া তাঁর অপর যে কোনো একটি রূপকথার গ্রন্থের নাম উল্লেখ করো।

১১। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার যে মাসিক সাময়িক পত্রটি সম্পাদনা করতেন তার নাম কী?

১২। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার কোথায় জন্মগ্রহণ করেন?

১৩। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের পিতার নাম কী?

১৪। রূপকথার একটি বৈশিষ্ট্য লেখো।

১৫। 'দুধের সাগর' বিভাগের যে কোনো একটি গল্পের নাম লেখো।

১৬। 'ঠাকুরমার ঝুলি' গল্পে কয়টি ছড়া রয়েছে?

১৭। উপেন্দ্রকিশোর রায়চৌধুরী কোন্ পত্রিকা সম্পাদনা করেছিলেন?

১৮। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর পিতৃদত্ত নাম কী?

১৯। 'টুনটুনির বই' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

২০। উপকথার একটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

২১। উপেন্দ্রকিশোর রায়চৌধুরী কোথায় জন্মগ্রহণ করেন?

২২। শিশুদের জন্য লেখা উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর পাঠ্যগ্রন্থ ব্যতিরেকে একটি বই-এর নাম উল্লেখ করো।





২৩। 'টুনটুনির বই' গ্রন্থে সর্বমোট কয়টি গল্প রয়েছে?

২৪। উপেন্দ্রকিশোর রায়চৌধুরী কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?

২৫। সংস্কৃত কলেজ প্রতিষ্ঠিত হয় কত খ্রিস্টাব্দে?

২৬। হিন্দু বিধবা বিবাহ আইন প্রণয়ন করা হয় কত খ্রিস্টাব্দে?

২৭। বিদ্যাসাগরের 'বর্ণপরিচয়' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

২৮। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে 'বিদ্যাসাগর' উপাধি কোন্ প্রতিষ্ঠান দিয়েছিল?

২৯। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পূর্বপুরুষের আদি নিবাস কোথায় ছিল?

৩০। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মায়ের নাম কী?

৩১। 'সীতার বনবাস' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

৩২। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে 'বিদ্যাসাগর' উপাধি দেওয়া হয় কত খ্রিস্টাব্দে?

৩৩। স্বামী বিবেকানন্দ কত বছর বয়সে সন্ন্যাসী হয়েছিলেন?

৩৪। শ্রীরামকৃষ্ণের সমাধি কত খ্রিস্টাব্দে হয়?

৩৫। খেতড়ির রাজার নাম কী?

৩৬। স্বামী বিবেকানন্দের পিতার নাম কী?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩৭। শ্রীম-র পুরো নাম কী?

৩৮। বিবেকানন্দ ভাই-বোনেদের মধ্যে কততম?

৩৯। বিবেকানন্দের মায়ের নাম কী?

৪০। 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থটির রচয়িতার নাম লেখো।

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

৪১। 'শিশুসাহিত্য' শব্দটি প্রথম কে ব্যবহার করেন এবং কোন্ গ্রন্থে?

৪২। 'শিশু ভোলানাথ' কাব্যের অন্তর্গত দুটি কবিতার নাম উল্লেখ করো।

৪৩। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার 'ঠাকুরমার ঝুলি'র গল্পগুলো কোথা থেকে সংগ্রহ করেছিলেন? উক্ত গ্রন্থে কয়টি চিত্র রয়েছে?

৪৪। 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থে কয়টি গল্প রয়েছে? এই রূপকথার সংকলনটি কয়টি খণ্ডে বিভক্ত?

৪৫। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর পুত্র এবং পৌত্রের নাম লেখো।

৪৬। 'টুনটুনির বই' গ্রন্থে উল্লিখিত যে কোনো দুটি মনুষ্যেতর চরিত্রের নাম লেখো।





৪৭। সাহিত্য অকাদেমি প্রকাশিত 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' গ্রন্থটির লেখক কে? এই গ্রন্থের বাংলা অনুবাদকের নাম কী?

৪৮। নারীদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠার জন্য বিদ্যাসাগর সেসময় যেসব মহান কর্মে ব্রতী হন তার যে কোনো দুটি কাজের উল্লেখ করো।

৪৯। 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থে উল্লিখিত স্বামী বিবেকানন্দের ভাই দুজনের নাম কী কী?

৫০। স্বামী বিবেকানন্দের পৈত্রিক উপাধি কী ছিল? তাঁর একজন শিষ্যের নাম লেখো।

## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৫১। রবীন্দ্রনাথ ঠাকুরের 'শিশু ভোলানাথ' কাব্যগ্রন্থটির নামকরণের সার্থকতা বিচার করো।

৫২। 'শিশু ভোলানাথ' কাব্যে মা ও শিশুর সুমধুর সম্পর্কের পরিচয় দাও।

৫৩। "মাতৃতান্ত্রিক স্নেহলব্ধ জীবনের আলোকময় স্পর্শে শিশুজীবনের পূর্ণতা ঘোষণা 'ঠাকুরমার ঝুলি'র গল্পগুলোর মুখ্য উদ্দেশ্য।" আলোচনা করো।

৫৪। " 'ঠাকুরমার ঝুলি' মূলত শিশুসাহিত্য হিসেবে উল্লিখিত হলেও এতে গ্রাম বাংলার সমাজ-সংস্কৃতি, বিশ্বাস ও রীতিনীতি আশ্চর্যরকমভাবে উৎসারিত।" তোমার পাঠ্য গল্প অবলম্বনে উক্তিটির যথার্থতা বুঝিয়ে দাও।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৫৫। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর 'টুনটুনি আর রাজার কথা' গল্প অবলম্বনে তৎকালীন সমাজজীবনের যে ছবি চিত্রিত হয়েছে তা আলোচনা করো।

৫৬। "উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর 'শিয়ালপণ্ডিত' গল্পটি শিশু মনস্তত্ত্বের গল্প হলেও এই গল্পে উপস্থাপিত হয়েছে নীতিকথার চূড়ান্ত পরিণতি।" আলোচনা করো।

৫৭। তোমার পাঠ্য 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' গ্রন্থ অবলম্বনে ঈশ্বরচন্দ্রের জীবনী সংক্ষেপে আলোচনা করো।

৫৮। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর 'শিক্ষার সংস্কার'-এর ক্ষেত্রে যে ভূমিকা পালন করেছেন তা পাঠ্যগ্রন্থ অবলম্বনে আলোচনা করো।

৫৯। 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থের 'সন্ন্যাসী ও গর্ভধারিণী' পাঠ অবলম্বনে স্বামী বিবেকানন্দের মাতার সংগ্রামময় জীবন সম্পর্কে আলোচনা করো।

৬০। 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থের 'সন্ন্যাসী ও গর্ভধারিণী' পাঠ অবলম্বনে বিবেকানন্দের পরিবারের প্রতি দায়বদ্ধতা সম্পর্কে আলোচনা করো।

★ ★ ★